চুয়াডাঙ্গা পৌরসভায় মেয়র প্রার্থী টোটনের মতবিনিময়সভা

আসন্ন চুয়াডাঙ্গা পৌরসভা নির্বাচনকে সামনে রেখে মেয়র প্রার্থী রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন জেলা প্রেসক্লাবের নেতৃবৃন্দের সাথে মতবিনিময়সভা করেছেন।

মঙ্গলবার বেলা ১১ টার সময় জেলা আওয়ামীলীগের নতুন কার্যালয়ে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগ মতবিনিময়সভার আয়োজন করে।

পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক প্রবীণ রাজনীতিবিদ আলাউদ্দিন হেলার সভাপতিত্বে মতবিনিময়সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র ও জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, চুয়াডাঙ্গা পৌরসভা একটি প্রথম শ্রেনীর পৌরসভা। এখানকার নাগরিকরা সবাই প্রথম শ্রেনীর নাগরিক। এজন্য গুরুত্বপূর্ন এই পৌরসভার মেয়র হতে হয় একজন অতি দায়িত্বশীল মানুষকে।

তিনি তাঁর মেয়াদের পাঁচ বছরে চুয়াডাঙ্গা পৌরসভাকে আধুনিক পৌরসভার মডেল করে তুলে ধরেছিলেন বিভিন্ন উন্নয়নমূলক কাজ করে। তিনি বলেন, এডিবি থেকে পাওয়া ৮০ কোটি টাকা রেখে তিনি পৌরসভা ছেড়েছিলেন। তার আগে তিনি বিশ্বব্যাংকের দরজায়ও চুয়াডাঙ্গা পৌরসভার উন্নয়নের জন্য কড়া নেড়েছিলেন। তিনি পরিতাপের সাথে বলেন, চুয়াডাঙ্গাবাসির সিদ্ধান্তে মেয়র পরিবর্তন হয়েছে। কিন্ত চুয়াডাঙ্গা পৌরসভায় আর একটি টাকাও আসেনি।

তিনি আরও বলেন, পৌরসভা একটি কাজের জায়গা,এটা কিছুতেই অভিনয়ের জায়গা না। এই চেয়ারে বসে পৌরবাসির উন্নয়নে কাজ করতে হয়। কিন্ত পাঁচটি বছর কোন কাজ হয়নি। কারন হিসেবে তিনি বলেন, সরকারের দেওয়া টাকায় পৌরসভা চলেনা। পৌরসভাকে চালাতে হলে টাকা বিভিন্ন দাতা গোষ্ঠির কাছ থেকে আনতে হয়। এই টাকা আনতেও যোগ্যতা লাগে। তিনি সাংবাদিকদের মাধমে চুয়াডাঙ্গাবাসির কাছে এবার যোগ্য মেয়র নির্বাচনের আহ্বান জানান।

জেলা পরিষদের সদস্য শহিদুল ইসলাম শাহানের পরিচালনায় মতবিনিময়সভায় বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি মানিক আকবর,

সাধারন সম্পাদক আরিফুল ইসলাম ডালিম, জেড আলম ও প্রবীণ সাংবাদিক আনোয়ার হোসেন।

কুষ্টিয়ায় জাতীয় শ্রমিকলীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

জাতীয় শ্রমিকলীগের ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে জেলা আওয়ামী লীগের সম্মেলন কক্ষে অনুষ্টিত আলোচনা সভায় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আজগর আলী।

কুষ্টিয়া জেলা শ্রমিকলীগের সভাপতি আনোয়ারুল হকের সভাপতিত্বে প্রধান বক্তার বক্তব্য রাখেন, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা।

কুষ্টিয়া জেলা শ্রমিকলীগের যুগ্ম সাধারন সম্পাদক আইয়ুব হোসেনের পরিচালনায় আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জাতীয় শ্রমিকলীগ কুষ্টিয়া জেলা শাখার সাবেক সভাপতি গোলাম মোস্তফা, কার্যকরী সভাপতি মোঃ আবুল কালাম আজাদ, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ফকির মুকুল হোসেন, সাংগঠনিক সম্পাদক মনোয়ার হোসেন বাদশা, রেনউইক শ্রমিকলীগের সভাপতি সেলিম রেজা রিপন,

যুব শ্রমিক লীগ কুষ্টিয়া জেলা শাখার সাধারণ সম্পাদক জাফর ইকবাল, জাতীয় রিকশা ভ্যান শ্রমিক লীগের সভাপতি আক্কাস আলী, সাধারণ সম্পাদক সেলিম রেজা, কুমারখালী উপজেলা শ্রমিক লীগের সহ সভাপতি মনিরুল ইসলাম,জনতা ব্যাংক শ্রমিক লীগের সভাপতি সেলিম হোসেন, রুপালী ব্যাংক শ্রমিক লীগের সভাপতি মোয়াজ্জেম হোসেন, বাপাউবো সিবিএ ইউনিট কমিটি কুষ্টিয়ার সাধারণ সম্পাদক রহমত আলী প্রমুখ।

সভায় বক্তারা বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া সংগঠন শ্রমিক লীগের প্রতিটি স্তরের নেতারা জননেত্রী ও

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে কাজ করে যাচ্ছেন।

আদর্শবান সংগঠনের নামই হলো জাতীয় শ্রমিকলীগ উল্লেখ করে নেতৃবৃন্দ বলেন, দেশ স্বাধীনের সময় শ্রমিক নেতাদের জীবন দিয়ে এদেশে আন্দোলনের স্বাধীনতা সুতিকাগার সৃষ্টি হয়েছিল। শ্রমিকলীগ সংগঠন সহ মাদার সংগঠন আওয়ামী লীগের হাতকে শক্তিশালী করতে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে ।

কুষ্টিয়া শহর শ্রমিকলীগের উদ্যোগে প্রতিষ্ঠাবার্ষিকী পালন

জাতীয় শ্রমিকলীগের ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে কুষ্টিয়া শহর শ্রমিকলীগের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে শহরের জিকে শেখ রাসেল খেলার মাঠে আলোচনা সভায় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন,জেলা মহিলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মেহেরুন্নেসা বিউটি।

শহর শ্রমিকলীগের সভাপতি দেওয়ান মাসুদুর রহমান স্বপনের সভাপতিত্বে প্রধান প্রধান বক্তা ছিলেন জেলা শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এএইচ এম মতিউর রহমান।
বিশেষ অতিথি ছিলেন, জেলা শ্রমিক লীগের সহসভাপতি জিল্লুর রহমান, সাংগঠনিক সম্পাদক তরিকুল হাসান মিন্টু, সহ সাধারণ সম্পাদক বাদশা আলমগীর, প্রচার সম্পাদক আব্দুর রশীদ খান,

শহর শ্রমিক লীগের সহসভাপতি মারফত আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক আমির হোসেন, প্রচার সম্পাদক ঝন্টু মৃধা, সদস্য তপন হোসেন, ১ নং ওয়ার্ডের কাউন্সিলর রবিউল ইসলাম, ওয়ার্ড আওয়ামী লীগের সহসভাপতি কাবুল চৌধুরী, সাবেক সভাপতি শামসুজ্জামান মনি, যুগ্ম সাধারণ সম্পাদক আসিফ বান্দা পুলক, সাংগঠনিক সম্পাদক শরিফুল ইসলাম মানিক,

১ নং ওয়ার্ড শ্রমিক লীগের সভাপতি ইমরান খান, সাধারণ সম্পাদক সাগর শিকদার প্রমুখ।

বক্তারা বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া সংগঠন শ্রমিকলীগের প্রতিটি স্তরের নেতারা জননেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে কাজ করে যাচ্ছেন। বক্তারা আরও বলেন,

শ্রমিকলীগকে শক্তিশালী ও ঐক্যবদ্ধ করতে সবাইকে এক প্লাটফর্মে আসতে হবে এবং সর্বত্র এই কমিটি বিলুপ্ত করে নতুন কমিটি দিয়ে শ্রমিকদের স্বার্থ উদ্ধারে কাজ করতে হবে পাশাপাশি শিশু ও যুবদের বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত হওয়ার তাগিদ দেন তারা।

মুজিবনগরে জাতীয় শ্রমিকলীগের ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বছরপূর্তি কেকে কেটে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় শ্রমিকলীগের ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী।

গতকাল সোমবার বিকালে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এ প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়।

এর আগে একই মঞ্চে আলোচনা সভা করা হয়। মুজিবনগর উপজেলা শ্রমিকলীগের সভাপতি আবুল কালাম আজাদের সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক এ্যাড.ইব্রাহিম শাহীন, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,

বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ,দারিয়াপুর ইউপি চেয়ারমান তৌফিকুল বারী বকুল, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকন, মুজিবনগর উপজেলা শ্রমিকলীগের সাধারন সম্পাদক সেলিম রেজা প্রমুখ।

আলোচনা সভা শেষে জাতীয় শ্রমিক লীগের ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী

চুরি মামলায় মেহেরপুর জেলা তাঁতী লীগের সদস্য সচিব জুয়েলসহ তিনজনের জেল

মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ায় একটি বাড়িতে চুরির ঘটনায় জেলা তাঁতী লীগের সদস্য সচিব জুয়েল রানাসহ ৩ জনের দুই বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছে আদালত।

রবিবার বিকালে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোছা: শিরিন নাহার এ রায় প্রদান করেন। ৩৮০ ধারায় চুরি করার অপরাধে জুয়েল রানার দুই বছর সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাস জেল।

আসামিরা হলেন জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা, তিনি বেড়পাড়া সিরাজুল ইসলামের ছেলে, আশরাফুল ইসলাম ওরফে ভোঁদড়, তিনি পৌর কলেজ মাঠ পাড়ার আমিনুল ইসলামের ছেলে এবং শাহাবুদ্দিন তিনি নতুন পাড়া মোনাজাত আলী ছেলে।

শাহাবুদ্দিন ও আশরাফুল ইসলামের তিন বছর সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাস জেল। রায় ঘোষনার সময় জুয়েল রানা আদালতে উপস্থিতি ছিলেন। পরে তাকে জেলা কারাগারে পাঠানো হয়েছে। বাকিরা পলাতক রয়েছেন।

মামলার বিবরণ থেকে জানা গেছে, মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ার মৃত আহমদ আলীর ছেলে অ্যাডভোকেট আসাদুল আজম খোকন বাদী হয়ে ২০১৩ সালের ৬ অক্টোবর মামলা করেন। ওই দিন সকাল ৯ টা থেকে দুপুর এক টার ভিতর কোন এক সময় আসাদুল আজম খোকনের বাড়ির জানালার গ্রিল ভাঙ্গিয়া ঘরের ভেতরে ওয়ারড্রব ও বাক্স ভেঙ্গে ৩০ হাজার টাকা ও ৫ ভরি ওজনের বিভিন্ন শ্রেণীর স্বর্ণালঙ্কার যার মূল্য আড়াই লক্ষ টাকা চুরি করে নিয়ে যায়।

যার মামলা নম্বর ৬৭৪/২০১৩. রাষ্ট্রপক্ষের কৌঁসুলি ছিলেন অ্যাডভোকেট ইমতিয়াজ বিন হারুন ও আসামিপক্ষের কৌশলী ছিলেন অ্যাডভোকেট মিনা পাল।

আসন্ন ইউপি নির্বাচন কে সামনে রেখে মেম্বার প্রার্থীর শোভা যাত্রা

মেহেরপুর সদর উপজেলারে কুতুবপুর ইউনিয়নের আসন্ন ২০২১ নির্বাচনে ৪ নং ওয়ার্ডের কুতুবপুর গ্রামের যুবলীগ নেতা মেম্বার পদপ্রার্থী আরিফউজ্জামান আরিফ মটর সাইকেল শোভাযাত্রা করেছেন।

গত শুক্রবার বিকেল ৪ টার সময় এই শোভা যাত্রার আয়োজন করেন।

মটর সাইকেল শোভাত্রায় ৩০০ মটর সাইকেলের উপস্থিতে ৪ নং ওয়ার্ড কুতুবপুর গ্রামের চতুর্দিক শোডাউন করেন।

শোডাউনের সাথে সাথে মেম্বার পদপ্রার্থী ও যুবলীগ নেতা আরিফুজ্জামান আরিফ ৪ নং ওয়ার্ডের বিভিন্ন আওয়ামী লীগের প্রবীণ নেতা বর্গদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।এবং আগামী নির্বাচনের জন্য সকলের কাছে দোয়া চেয়ে আসেন।

মেম্বার পদপ্রার্থী আরিফুজ্জামান আরিফ জানান, আমাকে মেম্ববার নির্বাচিত করলে কুতুবপুর ইউনিয়নের ৪ নং ওয়ার্ড কে একটি মডেল ওয়ার্ডে রুপান্তর করবো।

এবং সকল উন্নয়ন যেমন শিক্ষাখাত, কৃষিখাৎ, রাস্তা ঘাট, বিধবা ভাতা, বয়স্ক ভাতা প্রাপ্তদের প্রাপ্তি বুঝিয়ে দিতে চাই।

কুতুবপুর গ্রামের মানুষের ভলোবাসা আমাকে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে। এবং জনগন আমাকে ভালোবেসে তাদের মুল্যেবান ভোট আমাকে দিয়ে বিপুল ভোটে মেম্বার নির্বাচিত করবেন বলে আমি আশাবাদি।

গাংনীতে ডায়াগনষ্টিক সেন্টারের মালিকের হাতে হাসপাতালের চিকিৎসক লাঞ্চিত

দায়িত্ব পালন করা অবস্থায় মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার এস এম তানভির আহমেদকে লাঞ্চিত করেছেন এইচ এম ডায়াগনষ্টিক সেন্টারের মালিক দেলোয়ার হোসেন মিঠু।

আজ সোমবার দুপুরে গাংনী উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে এ ঘটনা ঘটে। অভিযুক্ত দেলোয়ার হোসেন মিঠু গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক। অভিযোগ রয়েছে মিঠুর মালিকানাধীন এইচ এম ডায়াগনষ্টিক সেন্টারটির কোন সরকারি অনুমোদন নেই।

এঘটনার পর ওই চিকিৎসক উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করেছেন। অভিযোগের একটি কপি মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে এসে পৌছেছে। ঘটনার পর থেকে অতিরিক্ত পুলিশ হাসপাতালে মোতায়েন ছিল।

লিখিত অভিযোগ থেকে জানা গেছে, উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার এস এম তানভীর আহমেদ হাসপাতালে বহি:বিভাগের ১০৯ নং রুমে রোগীর সেবা প্রদান করছিলেন। সেবা প্রদান কালীন সময়ে এইচ এম ভায়াগনস্টিক সেন্টারের দেলোয়ার হোসেন মিঠুসহ তার ৫ থেকে ৬ জন দালাল বাহিনি নিয়ে অনুমতি বিহীন জোর করে রুমে প্রবেশ করেন। কোন কারণ ছাড়াই অনেক রোগীর সামনে সরকারী কাগজ ছিড়ে ফেলে অপমান, অকথ্য ভাষায় গালিগালাজ ও শারিরীকভাবে লাঞ্চিত করেন। পেও বের হয়ে আসার সময় খুন, গুম করার হুমকি দেন। এবং মোবাইল ফোন দিয়ে ভডিও ও ছবি তুলে সামাজিক মাধ্যম ফেসবুক ও কিছু মিডিয়াতে অপপ্রচার করেন। অভিযোগে আরো উল্লেখ করা হয়েছে, এইচ এম ডায়াগনষ্টিক সেন্টার অনিবন্ধিত। ওই প্রতিষ্ঠানটির কিছু সংখ্যক দালাল হাসপাতালের জরুরী বিভাগ সহ বিভিন্ন বিভাগে প্রায় প্রতিদিনই সেবা প্রদানে বিঘ্ন ঘটায় যা গত কয়েক মাসের হাসপাতাল সিসি ফুটেজ ক্যামেরায় সংগৃহিত

রয়েছে।

তবে অভিযুক্ত দেলোয়ার হোসেন মিঠু বলেন, ডায়াগনষ্টিক সেন্টারের মালিক হিসেবে নয় হাসপাতালে গিয়েছিলাম নাগরিক হিসেবে। একজন ভিক্ষুককে চিকিৎসক তানভির অনেকগুলো টেস্ট দিয়েছেন তার প্রতিবাদ করেছি।

এ ব্যাপারে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রিয়াজুল আলম জানান, এ সংক্রান্ত একটি অভিযোগ পেয়েছি। অভিযোগ পাওয়ার পর পুলিশকে জানালে হাসপাতালে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। হাসপাতাল ক্যাম্পাসে বহিরাগতরা এ ধরণের আচরণ করতে পারেন না। আগামিকাল এ বিষয়ে তদন্ত কমিটি করা হবে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর ব্যবস্থা নেওয়া হবে।

আরো পড়ুন:
গাংনীতে প্রতিবন্ধীদের আর্থিক সহায়তা প্রদান

কৃত্রিম সংকট তৈরি করে সাতদিনেই ৪ গুণ দাম বৃদ্ধি

আমঝুপি ইউনিয়ন যুবলীগের বিশেষ আলোচনা সভা

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন আওয়ামী যুবলীগের বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার বিকালে আমঝুপি নীলকুঠি প্রাঙ্গণে বিশেষ আলোচনা সভায় সভাপতিত্ব করেন আমঝুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি শামসুজ্জামান চমন। ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম তারিকের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন, আওয়ামী লীগ নেতা আবু সিদ্দিক মন্টু, বারাদি ইউনিয়ন যুবলীগের সভাপতি এস আই রিঙ্কু মাহমুদ, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি হাজী সাইফুল ইসলাম ও সাধারণ সম্পাদক রায়হান উদ্দিন মন্টু, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি সদস্য আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম সবুজ, সদর থানা ছাত্রলীগের সাবেক যুগ্মসাধারণ

সম্পাদক ইমন, ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি সাহাবুল ইসলাম, ওয়ার্ড যুবলীগের সভাপতি সভাপতি আবু সিদ্দিক পচা, আরিফুল ইসলাম আরিফ,নাসিবুল ইসলাম, আব্দুর রশিদ, রেজাউল হক মুকুল, ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক,, পান্না, হাফিজুর রহমান মিঠু, তিতাস, প্রমুখ।
এসময় আমঝুপি ইউনিয়ন যুবলীগের প্রতিটি ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সম্পর্ক জোরদারে চীনকে প্রধানমন্ত্রীর বার্তা

আর্থসামাজিক উন্নয়ন এবং চলমান করোনাভাইরাস মহামারীতে অব্যাহত সাহায্য-সহায়তার জন্য বাংলাদেশের অন্যতম মূল্যবান অংশীদার হিসেবে চীনের প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আশাবাদ ব্যক্ত করেন যে, উভয় দেশ সহযোগিতার নতুন ক্ষেত্র সন্ধানের মাধ্যমে সম্পর্ককে আরো দৃঢ় করতে পারে। তিনি চীনা প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও সুখ এবং সে দেশের বন্ধুত্বপূর্ণ জনগণের শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করেন।

বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীন ও বাংলাদেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, মূল্যবোধ, জাতীয় স্বার্থ এবং পারস্পরিক সম্মানের বিষয়টিতে জোর দেন।

বৃহস্পতিবার চীনের দূতাবাস এ তথ্য জানায়।

চীনের দূতাবাসের পক্ষ থেকে জানানো হয়, সরকারপ্রধান গণচীনের ৭১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দেশটির প্রেসিডেন্ট শি জিনপিংকে এক অভিনন্দন বার্তা পাঠিয়েছেন। এতে তিনি চীন সরকার ও জনগণকে আন্তরিক অভিনন্দন ও উষ্ণ শুভেচ্ছা জানান।

ঢাকার চীনা দূতাবাস জানায়, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৬ সালে প্রেসিডেন্ট শির বাংলাদেশ সফর এবং ২০১৯ সালে তার চীন সফরের স্মৃতিচারণা করেন।

চীন-বাংলাদেশ সম্পর্কের পুরো সম্ভাবনা কাজে লাগাতে আরো সহযোগিতার নতুন ক্ষেত্র অনুসন্ধানের কথা জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রেসিডেন্ট শির সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সুখের পাশাপাশি চীনের বন্ধুত্বপূর্ণ জনগণের শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করেন।

শেখ হাসিনা চীনের প্রধানমন্ত্রী লি কেকিয়াংকেও অভিনন্দন বার্তা পাঠিয়েছেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুই দেশের শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধির কথা উল্লেখ করে চীন ও বাংলাদেশের মধ্যকার ২০১৬ সালের সহযোগিতার কৌশলগত অংশীদারত্বের কথা তুলে ধরেন।

শেখ হাসিনা ২০১৯ সালে চীন সফরের কথা স্মরণ করে বলেন, উভয় দেশই বিভিন্ন বিষয়ে ঐকমত্যে পৌঁছেছিল। চলমান করোনাভাইরাস মহামারীতে বাংলাদেশের জন্য চীনের সহায়তার প্রশংসা করেন তিনি।

আমার বিশ্বাস দল আমাকে মূল্যায়ন করবে — শাহজামান (ভিডিও সহ)

ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের আমেজ শুরু হয়েছে। বর্তমান চেয়ারম্যানসহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশীরা ছুটছেন জনগণের কাছে। কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দৌড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে মেহেরপুর প্রতিদিন এর এবারের আয়োজন ‘গ্রামীণ জনপদে ভোট’ শীর্ষক সাক্ষাতকার পর্ব। এ পর্বে মেহেরপুর প্রতিদিন এর মুখোমুখি হয়েছিলেন সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান শাহজামান।

সাক্ষাতকার গ্রহণ করেন আমাদের প্রধান প্রতিবেদক এম এফ রুপক। সাক্ষাতকারের চুম্বক অংশ এখানে তুলে ধরা হলো।

মেহেরপুর প্রতিদিন: আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রার্থী হওয়ার ব্যাপারে কি ভাবছেন?

শাহজামান: ২০১৬ সালের এপ্রিলের দিকে বুড়িপোতা ইউপিসহ সদর উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়। আমি বাংলাদেশ আওয়ামী লীগের নৌকা প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করি। ঐ নির্বাচনে আমি ব্যাপক ভোটে নির্বাচিত হই। ইতোমধ্যে সাড়ে চার বছর যাবত চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছি। পুনরায় নির্বাচন চলে আসলো। আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে আমিও আমার মত করে প্রস্তুতি নিচ্ছি।

মেহেরপুর প্রতিদিন: আগামী নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পাওয়ার ব্যাপারে কতটুকু আশাবাদী ?

শাহজামান: আমি বাংলাদেশ আওয়ামী লীগের বুড়িপোতা ইউনিয়ন শাখার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছি। সেই সাথে প্রায় সাড়ে চার বছর যাবত চেয়ারম্যান হিসেবে আছি। আমি নির্বাচনের আগে জনগণকে যে আশা প্রত্যাশা দিয়ে নির্বাচনের মাঠে নেমেছিলাম, তার আশি ভাগ আমি বাস্তবায়ন করতে পেরেছি। আমাদের মেহেরপুর-১ আসনের এমপি ও বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর সহযোগীতায় আমরা উন্নয়নমূলক অনেক কাজ করতে পেরেছি। যেগুলোর মধ্যে এখনো কিছু কাজ চলমান রয়েছে। সবমিলিয়ে বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান হিসেবে যথাযথ দায়িত্ব পালন করতে পেরেছি বলে আমি মনে করি। তাই আশাবাদী আগামী নির্বাচনে দলীয় সমর্থন আমি পাবো।

মেহেরপুর প্রতিদিন: বিএনপি বা স্বতন্ত্র কোন প্রার্থী নির্বাচনে অংশ গ্রহণ করলে কেমন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচন হবে বলে মনে করেন?
শাহজামান: নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না থাকলে নির্বাচন মানায় না। প্রতিযোগীতার মাধ্যমে ঠিক নেতৃত্ব উঠে আসুক এটাই আমি চাই। আমি চেয়ারম্যানের দায়িত্ব পালনকালে সুখে দুখে জনগণের পাশে থাকার চেষ্টা করেছি। আমি সাধারণ মানুষ হিসেবে তাদের সাথে মিশে খাদেম হিসেবে কাজ করেছি। আমার মনে হয় আমার প্রতি জনগণের একটা আস্থা রয়েছে। সেই জায়গাটা আমি তৈরি করতে পেরেছি। দলীয় মনোনয়ন পেয়ে নির্বাচনে প্রার্থী হলে জনগণ আমাকে বিপুল ভোটে জয়ী করবে বলে আমি

আশা করি।

মেহেরপুর প্রতিদিন: বিগত নির্বাচনের প্রতিশ্রুতি গুলো কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন বলে মনে করেন?

শাহজামান: বিগত নির্বাচনে আমার যে প্রতিশ্রুতি দেওয়া ছিল তার ৮০ ভাগ বাস্তাবায়ন করতে পেরেছি। আগামী কয়েক মাস এখনো সময় আছে এরমধ্যে আরও কিছু কাজ করতে পারবো বলে আশা করছি। আমার ইউনিয়নের রাস্তাগুলোর কাজ প্রায় শেষ। অল্প কিছু বাকি আছে। সেগুলোও অল্প সময়ের মধ্যে শেষ করা হবে। আমাদের ইউনিয়নের প্রতি আমাদের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের একটি সুদৃষ্টি আছে। প্রতিটি ক্ষেত্রেই ব্যাপক উন্নয়ন হয়েছে।

মেহেরপুর প্রতিদিন: আগামীতে জয়ী হলে কি কি করতে চান?

শাহজামান: আমার ইউনিয়নে দুইটা বড় কাজ এখনো বাকি আছে। আমাদের রাধাকান্তপুর ও রাজাপুরে ব্রিজ এবং প্রতি বছর বর্ষায় আমাদের মাঠের ফসল ডুবে যাচ্ছে। খননের মাধ্যমে পানি নিষ্কাশন ব্যবস্থা করা। ইতোমধ্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী আমাদের আশ^◌াস দিয়েছেন আগমী বাজেটে রাধাকান্তপুর ব্রিজটি। এর পরেই রাজাপুর ব্রিজটি হবে ইনশাআল্লাহ।
পানি নিষ্কাশনের বিষয়ে ইতোমধ্যে পানি উন্নয়ন বোর্ডের আঞ্চলিক অফিসের সাথে যোগাযোগ করা হয়েছে। প্রতিমন্ত্রী সাহেবের নির্দেশে অতি দ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থাটি করতে পারবো বলে আশা করছি। সব মিলিয়ে বুড়িপোতা ইউনিয়নকে একটি মডেল হিসেবে প্রতিষ্ঠিত করতে চাই।

মেপ্র/এমএফআর